



পারিতোষিক ভাতা, দায়িত্ব ভাতা ও বই ক্রয় ভাতা বৃদ্ধি করায় নবনিযুক্ত উপাচার্য ও ট্রেজারার-কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন



নবনিযুক্ত উপাচার্য এবং ট্রেজারার দ্রুততম সময়ে সিভিকিট সভার আয়োজন করার পদক্ষেপ গ্রহণ করেন এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৯৩তম সিভিকিট সভায় শিক্ষকদের পারিতোষিক ভাতা, দায়িত্ব ভাতা ও বই ক্রয় ভাতা বৃদ্ধি করেন। এ উপলক্ষে ১১ ডিসেম্বর, ২০২৩ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এবং ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আবুল কালাম মো. লুৎফর রহমানসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।